



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৪৭

### বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: (১) নং বামাশিবো/প্রশাসন/৪৮/২/কস্ববাজার-১১০, তারিখ: ০১/০৪/২০২২খ্রি.

(২) স্মারক নং: ০৫.২০.২২১৬.২২২৬.২১.০১.২২-৮০০, তারিখ: ০৪/০৮/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কস্ববাজার জেলার রামু উপজেলাধীন দক্ষিণ মিঠাইছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রামু, কস্ববাজার-কে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রামু, কস্ববাজার একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। অভিযোগকারীগণ অভিযোগে উল্লেখ করেন যে,


“বর্তমানে অবৈধ সুপার অতি গোপনে জাল জালিয়াতির মাধ্যমে ভোটার তালিকা থেকে শুরু করে কমিটি সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করেন। উল্লেখ্য যে, বর্তমানে সুপারের বিরুদ্ধে অবৈধভাবে নিয়োগ সংক্রান্ত জাল-জালিয়াতি নিয়ে দুদক কর্তৃক রামু উপজেলা নির্বাহী অফিসারের কাছে তদন্তাধীন রয়েছে।”

তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে,

“তদন্তকালে এডহক কমিটির মেয়াদ শেষ হওয়ায় পূর্ণাঙ্গ কমিটি গঠনের নিমিত্ত মাদ্রাসায় উপস্থিত ছাত্র/ছাত্রীর জিজ্ঞাসাবাদে জানা যায় খসড়া/চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়নের বিষয়ে তারা অবগত নন। তাছাড়া উপস্থিত অভিভাবকবৃন্দ এবং প্রকাশ্য গোপনে তদন্তের মাধ্যমে অনুমিত হয়েছেন, মাদ্রাসায় পূর্ণাঙ্গ কমিটি নির্বাচন হয়নি।”

তদন্ত প্রতিবেদনের আলোকে এটা স্পষ্ট যে, ভোটার তালিকা গোপনে অবৈধভাবে প্রণয়ন করে মারাত্মক অনিয়মের আশ্রয় নিয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ১২ এর বিধানসমূহ মারাত্মকভাবে লংঘন করেছেন ও বোর্ডে উক্তরূপ অবৈধভাবে প্রণীত ভোটার তালিকাসহ অনিয়মের মাধ্যমে গঠিত কমিটি অনুমোদনের জন্য অনলাইনে দাখিল করে বোর্ডের সাথে প্রতারণার আশ্রয় নিয়েছেন মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায়, উক্ত অনিয়ম ও প্রতারণার কারণে কেন এমপিও বন্ধের সুপারিশসহ বিধি মোতাবেক আপনি জনাব মোঃ আবুল কালাম, সুপার, দক্ষিণ মিঠাইছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা-এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া হবেনা তৎমর্মে কারণ দর্শানোর জন্য ০৭ (সাত) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে দাখিল অনুরোধ করা হলো।



২৫-১০-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সভাপতি, এডহক কমিটি, দক্ষিণ মিঠাইছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা ও উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার এবং
- ২। জনাব মো. আবুল কালাম, সুপার, দক্ষিণ মিঠাইছড়ি ইসলামিয়া দাখিল মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৪৭/১(৪)

তারিখ: ৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার;
- ২। জেলা শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার এবং
- ৪। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



৩০-১০-২০২৩  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার